REG. NO. C. 853

জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ পত্র।

জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ হাতে ১॥০ টাকা। নগদ মূল্য ১০ দুই পয়সা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়। যে সংখ্যায় বিনামী ইস্তাহারের বিজ্ঞাপন মুদ্রিত হইবে তাহার নগদ মূল্য /০ এক আনা।

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵০ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵০ আনা, ছয় মাসের জন্য প্রতি লাইন প্রতিবার /১০ আনা, এক বৎসর বা ততোধিক কালের জন্য প্রতি লাইন প্রতিবার /০ এক আনা হিসাবে। বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া জানিতে হয়। যাবতীয় চিঠি পত্র, মনিঅর্ডার ও বিনিময় সংবাদপত্রাদি নিম্নলিখিত ঠিকানায় পাঠাইতে হইবে

শ্রীবিনয় কুমার পণ্ডিত, জঙ্গিপুর সংবাদ কার্য্যালয়, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

লোহার

কড়ি, বরগা,

এঙ্গেল, করগেট, মটকা, পাটী, বল্ট, প্লেট ও ঢালাই রেলিং, পিলার, পাইপ প্রভৃতি উচিত মূল্যে বিক্রয় করি ও ভিঃ পিঃ তে সত্বর মাল পাঠাই।

রঞ্জন এণ্ড কোং

৬৭।৪ নং ষ্ট্র্যাণ্ড রোড কলিকাতা বড়বাজার।

২১শ বর্ষ | রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ ১৭ই পৌষ বুধবার ১৩৪১ ইংরাজী 2nd January 1935 | ৩১শ সংখ্যা

এই জনগণ জাগরণকালে স্ত্রী-পুরুষের মহাবন্ধু

হিলিংবাম

সেবনে মেহরোগ চির আরোগ্য ও নবযৌবন পুনঃপ্রতিষ্ঠিত হইবে।

১ মাত্রায় পরিচয় পাইবেন, সপ্তাহে আরোগ্য হইবেন।

৪০ বৎসর ধরিয়া রোগী ও চিকিৎসক উভয় দলের নিত্য ব্যবহার্য্য। আই-এম-এস, এম-ডি-এফ-আর-সি-এস, এম-আর-সি-পি, এম-আর-সি-এস, এল-আর-সি-পি, এল-আর-সি-এস প্রভৃতি উপাধিধারী ডাক্তারগণ কর্ত্তৃক অতি উচ্চ প্রশংসিত ও পৃষ্ঠপোষিত। প্রশংসাকারী দুই একজন ডাক্তারের নাম দেখুন:—

কর্ণেল কে, পি, গুপ্ত আই-এম-এস, এম-ডি, এফ-আর-সি, এস, ইত্যাদি ; লেঃ কর্ণেল এন, পি, সিংহ, আই-এম-এস, এম-আর-সি-পি, এম-আর-সি-এস, সার্জ্জন মেজর বি, কে, বসু, আই-এম-এস-এম-ডি-সি-এম, কাপ্তেন এস, এন, চৌধুরী, আই-এম-এস, এম-আর-সি-এস, এল-আর-সি-পি, ডাঃ পুষং এম-ডি ইত্যাদি।

মূল্য বড় শিশি ৩৲, মাঝারি ২॥০, ছোট ১৷০ ডাক মাশুলাদি স্বতন্ত্র। বিশেষ বিবরণ সম্বলিত তালিকা পুস্তক লিখিলে বিনামূল্যে পাঠাই।

স্যাণ্ডো

স্বর্ণঘটিত সালসা—স্নায়বিক দৌর্ব্বল্যের মহৌষধ। পারদ গরমী এবং যাবতীয় রক্তদুষ্টিতে অব্যর্থ।

আজকাল স্নায়বিক দৌর্ব্বল্যে অল্পবিস্তর সকলেই কষ্ট পাইতেছেন—তার উপর এখন কর্ম্মযুগ আসিতেছে, এ সময়ে আমরা সকলকেই স্যাণ্ডো সেবন করিতে বলি। পারা, গরমী প্রভৃতি রক্ত দোষও স্যাণ্ডো সেবনে নিবারিত হয় ; দেহ সতেজ হয় ; রক্ত বৃদ্ধি হয়, দেহে নূতন জীবন, নূতন যৌবন সঞ্চার হয়। খোস, পাঁচড়া, দাদ, অর্শ, কাউর, বাত আমবাত সর্দ্দি কাশি সমস্তই স্যাণ্ডো সেবনে নিবারিত হয়।

স্ত্রীলোকের ঋতুর গোলযোগ, বাধক, দীর্ঘকাল ব্যাপী ঋতু, ঋতুকালীন জ্বালা ও ব্যথা সমস্ত উপসর্গে স্যাণ্ডো যাদুমন্ত্রের ন্যায় কার্য্য করে।

মূল্য প্রতি শিশি (১৬ দিনের উপযোগী) ২৲ ; ৩টী একত্রে ৫॥০ ডাক মাশুলাদি স্বতন্ত্র।

আর, লগিন এণ্ড কোং

ম্যানুঃ—কেমিষ্টস্।

১৪৮, বহুবাজার ষ্ট্রীট কলিকাতা।

টেলিগ্রাম—"হিলিং", কলিকাতা

স্বাস্থ্য ও শক্তি অর্জ্জন করিতে

সুরবল্লী কষায়

সেবন করিতে আরম্ভ করুন। সকল বয়সে সকল ঋতুতে ব্যবহার করা যায়।

সেবনে কোন হাঙ্গামা নাই। ৫০ বৎসর পরীক্ষিত।

সুরবল্লী কষায়

ভারতবাসীর পক্ষে সর্ব্বোৎকৃষ্ট সালসা

পারদ ও রক্তদুষ্টির মহৌষধ

সি, কে, সেন এণ্ড কোং লিঃ

২৯ নং কলুটোলা ষ্ট্রীট কলিকাতা

তিপসহির কালী
পণ্ডিত প্রেসে পাইবেন।
মূল্য প্রতি কৌটা পাঁচ পয়সা।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ।

১৭ই পৌষ বুধবার সন ১৩৪১ সাল।

মুর্শিদাবাদে অন্নকষ্ট।

বাঙ্গালা সরকারের বিবরণ।

বাঙ্গালা দেশের কয়েকটী জেলায় বন্যা ও অনাবৃষ্টির জন্য দারুণ দুরবস্থা উপস্থিত হইয়াছে। এ বিষয়ে বাঙ্গালা গভর্ণমেণ্ট নিম্নলিখিত সংখ্যাগুলি প্রচার করিয়াছেন। অনাবৃষ্টির ফলে মুর্শিদাবাদ জেলার ৫০০ বর্গ মাইল স্থানে প্রজাদিগের কষ্ট উপস্থিত হইয়াছে। ঐ অঞ্চলে সাড়ে ৩ লক্ষ লোক বাস করে। কান্দি মহকুমার অধিকাংশ গ্রাম ও জঙ্গিপুর মহকুমার দক্ষিণ-পশ্চিম অংশ উহার অন্তর্গত। মুর্শিদাবাদ জেলায় ৪ লক্ষ ১৬ হাজার একর জমীর মধ্যে ১ লক্ষ ৮০ হাজার একর জমিতে চাষ হইয়াছে। অনাবৃষ্টির জন্য দুর্দ্দশাগ্রস্ত অঞ্চলে ১ লক্ষ ৬৯ হাজার একর জমীর মধ্যে মাত্র ৩২ হাজার একর জমীতে চাষ হইয়াছিল। মুর্শিদাবাদের জেলা বোর্ড ৪০০ বর্গ মাইল স্থানে সাহায্য দানের ব্যবস্থা করিয়াছেন। কৃষকদিগকে ১ লক্ষ ৫৪ হাজার টাকা ঋণ দেওয়া হইবে, ৩ হাজার টাকা তাহাদিগকে দান করা হইবে ও গভর্ণমেণ্ট ৪০ হাজার টাকা ব্যয়ে পথ তৈয়ার করিয়া লইয়া বেকার লোকদিগকে কাজ দিবেন। জেলা বোর্ড হইতেও ২৫০০ টাকা দান করা হইবে ও সাড়ে ৩৩। হাজার টাকা ব্যয়ে পথ নির্ম্মাণ করা হইবে। তাহার পর জঙ্গিপুর, লালবাগ ও সদর মহকুমায় বন্যার ফলে বহু শস্য নষ্ট হইয়া গিয়াছিল। অনেক বাড়ী একেবারে পড়িয়া গিয়াছে—কতকগুলি ভগ্নাবস্থায় দণ্ডায়মান আছে। বাঙ্গালা গভর্ণমেণ্টের রাজস্ব সচিব সার বি, এল, মিত্র ২৭শে হইতে ৩০শে নভেম্বর ৪ দিন জেলা ম্যাজিষ্ট্রেটের সহিত মুর্শিদাবাদ জেলার নানাস্থান ঘুরিয়া দেখিয়া আসিয়াছেন।

চীনাবাদাম।

সমুদয় ভারতবর্ষে প্রায় ১ লক্ষ একর জমিতে চীনা বাদামের চাষ হয়। ইহার অধিকাংশই বোম্বাই ও মাদ্রাজ প্রদেশের অন্তর্গত। বোম্বাই প্রদেশে, মাদ্রাজের প্রায় দ্বিগুণ জমীতে এবং বঙ্গদেশে অতি সামান্য পরিমাণে চীনা বাদামের চাষ হয়। বঙ্গদেশের মধ্যে মুর্শিদাবাদেই ইহার চাষ বেশী হয়। মুর্শিদাবাদের উচ্চ দোআঁশ মৃত্তিকা চীনা বাদামের পক্ষে অধিক উপযুক্ত। স্থান বিশেষে ইহাকে মাঠ বাদাম এবং মাঠ কলাই বলে।

চীনা বাদামের জমি অনেকবার উত্তমরূপে চাষ করা আবশ্যক। ভাল জমিতে অল্প চাষ দিলেই চলিবে। সাধারণতঃ একফুট পর্য্যন্ত গভীর করিয়া জমী চাষ করিতে পারিলে ভাল হয়। আমাদের দেশের লাঙ্গলের ক্ষুদ্র ফলাতে এত গভীর চাষ হওয়া অসম্ভব। এই জন্যই ফাল্গুন মাসের প্রথম ভাগে প্রথমতঃ জমি কোদাল দিয়া কোপাইয়া, তৎপরে অন্ততঃ তিন চারিবার চাষ করিতে হয়। প্রত্যেক চাষের পর মই দেওয়া আবশ্যক। বারংবার চাষ ও মই দিয়া এবং মাটী চূর্ণ করিয়া, মৃত্তিকা বিশেষরূপে আলগা করিতে হয়। বৈশাখ অথবা জ্যৈষ্ঠ মাসেও ফাল্গুন মাসের মত দুই একবার চাষ ও মই দেওয়া আবশ্যক। চৈত্র মাসের পর হইতেই মই দেওয়ার সঙ্গে সঙ্গে আঁচর দিয়া জঙ্গল পরিষ্কার করিয়া ফেলিতে হয়। চীনাবাদামের জমি আলুর জমির ন্যায় যত বেশী চূর্ণ করিয়া আলগা করিতে পারা যায়, ততই বেশী চীনা বাদাম জন্মে। ফাল্গুন মাস হইতে জ্যৈষ্ঠ মাস পর্য্যন্ত বহুবার চাষ মই ও আঁচর দিয়া এবং চাকা ভাঙ্গিয়া মৃত্তিকা ধূলিবৎ করিতে হয়। তাহা না হইলে সুফলের আশা করা বিড়ম্বনা মাত্র। কৃষক মাত্রেরই ইহা স্মরণ রাখা কর্ত্তব্য।

ভারত শাসন সংস্কার বিষয়ে শ্বেতপত্রের প্রস্তাব সমূহ সম্পর্কে পার্লামেণ্টের জয়েণ্ট সিলেক্ট কমিটির রিপোর্টের সারাংশ।

(পূর্ব্ব প্রকাশিতের পর)

শাসন ও শৃঙ্খলা।

প্রাদেশিক ক্ষেত্রে মন্ত্রীগণের দায়িত্ব বলিলে, আইন ও শৃঙ্খলার বিভাগ সমেত প্রাদেশিক গভর্ণমেণ্টের সকল বিভাগ মন্ত্রীদিগের হাতে ছাড়িয়া দেওয়া বুঝায়। কিন্তু পুলিশ বাহিনীর আভ্যন্তরীণ নিয়মানুবর্ত্তিতা সম্পর্কিত কোন বিষয়ে যাহাতে কোনরূপ রাজনৈতিক মতামতের চাপ আসিয়া না পড়ে, সেজন্য কমিটি বিবেচনা করেন যে পুলিশবিষয়ক আইনসমূহ ও তদধীনে প্রণীত নিয়মাবলীর কোনরূপ সংশোধন করিতে হইলে গভর্ণরের সম্মতি আবশ্যক হইবে। গোপনীয় সংবাদের রিপোর্টাদির বিশেষ ভাবে রক্ষার জন্য ব্যবস্থা করাও তাঁহারা সঙ্গত মনে করেন।

সন্ত্রাসবাদের দরুণ যে বিশেষ সমস্যার উদ্ভব হইতে পারে, উহা বিবেচনায় কমিটি মনে করেন যে সন্ত্রাসবাদের বিরুদ্ধে গভর্ণমেণ্টের সর্ব্বপ্রকার কার্য্যের নিমিত্ত গভর্ণর নিজে যে পরিমাণ ভার লওয়া আবশ্যক বলিয়া বিবেচনা করিবেন, তাহা লইবার ক্ষমতা তাঁহার থাকা সঙ্গত। কমিটির মতে, প্রাদেশিক স্বায়ত্তশাসন প্রবর্ত্তনের সময় পর্য্যন্ত অবস্থার বিশেষরূপ উন্নতি না হইলে বঙ্গদেশে এই ক্ষমতা অবিলম্বে পরিচালনের আবশ্যক হইবে।

প্রাদেশিক ভোটাধিকার।

ভারতীয় ভোটাধিকার কমিটির রিপোর্টকে ভিত্তি করিয়া শ্বেতপত্রে প্রাদেশিক ভোটাধিকারের প্রস্তাব হইয়াছে। উহার ফলে মোটামুটী, ৩,১৫,০০০ স্ত্রীলোক সহ, ৭০ লক্ষ ভোটদাতার স্থলে ২৯০ লক্ষ পুরুষ ও ৬০ লক্ষ স্ত্রীলোক ভোটার শ্রেণীভুক্ত হইয়াছে, অর্থাৎ সমগ্র জনসংখ্যার শতকরা ৩ জনের স্থলে শতকরা ১৪জন ভোটদাতা হইয়াছে। কমিটির বিশ্বাস এই সকল প্রস্তাবের ফলে প্রতিনিধিমূলক নির্ব্বাচন হইবে কিন্তু স্ত্রী ভোটারদের সংখ্যা বৃদ্ধি করিবার উদ্দেশ্যে কমিটি কয়েকটী প্রস্তাব করিয়াছেন। স্থানীয় গ্রুপ কর্ত্তৃক পরোক্ষ নির্ব্বাচনের প্রস্তাব নামঞ্জুর করিয়াছেন কিন্তু ভবিষ্যতে স্থানীয় ব্যবস্থাপক সভাকর্ত্তৃক ঐরূপ কোন পরিবর্ত্তন পার্লামেণ্টের অনুমোদনার্থ সুপারিশ করিবার পক্ষে কোন প্রতিবন্ধক সৃষ্টি করা হয় নাই।

প্রাদেশিক ব্যবস্থাপক সভাসমূহ।

প্রাদেশিক ব্যবস্থাপক সভাসমূহ গঠন সম্বন্ধে শ্বেতপত্রে যে সকল প্রস্তাব করা হইয়াছে তাহাতে কোনরূপ পরিবর্ত্তন করা হয় নাই। তবে বঙ্গদেশ, যুক্তপ্রদেশ ও বিহারের ন্যায় অবস্থা বাস্তবিক একই প্রকারের এই হেতুতে মান্দ্রাজ এবং বোম্বাইর জন্যও এক একটি দ্বিতীয় সভার প্রস্তাব করা হইয়াছে।

কমিটির মত এই যে প্রাদেশিক উচ্চ সভা কখনও একেবারে ভঙ্গ করা হইবে না। তবে নির্দ্দিষ্ট সময় পরে পরে এক তৃতীয়াংশ সভ্য পদত্যাগ করিবেন।

সাম্প্রদায়িক রোয়দাদ ও পুণা চুক্তি।

কমিটির নিশ্চিত মত এই যে বর্ত্তমান সময়ে সাম্প্রদায়িক নির্ব্বাচন অনিবার্য্য। প্রাদেশিক ব্যবস্থাপক সভাগুলি গঠন করিতে যেরূপ ব্যবস্থা সাম্প্রদায়িক রোয়দাদের অন্তর্ভুক্ত হইয়াছে তাহা অতি সুচিন্তিত ও সামঞ্জস্যপূর্ণ বলিয়া কমিটি বর্ণনা করিয়াছেন।

পুণার চুক্তি সম্বন্ধে কমিটির মত এই যে মহামান্য সম্রাটের গভর্ণমেণ্ট প্রথমে যে সকল প্রস্তাব করিয়াছিলেন তাহা সাধারণ সাম্প্রদায়িক সমস্যার পক্ষে অধিকতর ন্যায় ব্যবস্থা ছিল এবং অবনত জাতি সকলের বর্ত্তমান অবস্থায় তাহাদের পক্ষে অধিকতর সুবিধাজনক ছিল। কিন্তু এই চুক্তিটি সাম্প্রদায়িক রোয়দাদের সংশোধনরূপে সকল কর্ত্তৃপক্ষগণ কর্ত্তৃক গৃহীত হইয়াছে বলিয়া কমিটির স্পষ্ট অভিমত যে ইহা এক্ষণে আর পরিত্যক্ত হইতে পারে না। যাহা হউক, তাঁহারা মনে করেন যে যদি কোন চুক্তি মূলে বঙ্গদেশে অবনত জাতিদিগের জন্য সংরক্ষিত আসনগুলির সংখ্যা কিঞ্চিৎ হ্রাস করা যায় ও সম্ভব হইলে ক্ষতিপূরণ স্বরূপ অন্য প্রদেশে উহাদের সংখ্যা বৃদ্ধি করিয়া দেওয়া যায়, তবে বঙ্গদেশে নূতন শাসনতন্ত্রের কাজ চলিবার পক্ষে সুবিধা হইবে।

ক্রমশঃ

ঘোষণা পত্র।

নং ৪৯৮৮৮X—২৭শে ডিসেম্বর ১৯৩৪—যেহেতু বাঙ্গালা সরকারের মতে চট্টগ্রাম জেলার রাওজান থানার অন্তর্গত কুয়েপাড়া গ্রামের বাবু রত্নেশ্বর চক্রবর্ত্তীর পুত্র বাবু শৈলেশ্বর চক্রবর্ত্তী সম্পর্কে ১৯৩০ সালের বঙ্গীয় ফৌজদারী সংশোধক আইনের ২ ধারার ১ উপধারা অনুসারে আইনানুগভাবে হুকুম জারী করা যাইতে পারে বলিয়া বিশ্বাস করিবার যথোপযুক্ত কারণ আছে এবং

যেহেতু সপারিষদ গভর্ণর বাহাদুর উক্ত ধারা অনুবলে ১৯৩৪ সালের ২রা আগষ্ট তারিখে বাবু শৈলেশ্বর চক্রবর্ত্তীকে যে কোন স্থানে পাওয়া যায় তথায় যে কোন পুলিশ কর্ম্মচারী বিনা ওয়ারেণ্টে তাহাকে গ্রেপ্তার করিয়া নিকটবর্ত্তী ডিষ্ট্রীক্ট বা সেণ্ট্রাল জেলের হেফাজতে রাখিবার হুকুম দিয়াছিলেন এবং

যেহেতু উক্ত বাবু শৈলেশ্বর চক্রবর্ত্তীকে এখনও গ্রেপ্তার করা যায় নাই এবং উক্ত আইনের ২ ধারা অনুবলে উক্ত হুকুমনামা হাতে হাতে জারী করা হয় নাই এবং যেহেতু লোকাল গভর্ণমেণ্টের মতে উক্তরূপে জারী করিবার বিহিত চেষ্টা করা হইয়াছে,

সেই হেতু এক্ষণে সপারিষদ গভর্ণর বাহাদুর ১৯৩০ সালের বঙ্গীয় ফৌজদারী সংশোধক আইনের ৩ ধারার ২ উপধারা অনুবলে উক্ত চট্টগ্রাম জেলার রাওজান থানার অন্তর্গত কুয়েপাড়া গ্রামের বাবু রত্নেশ্বর চক্রবর্ত্তীর পুত্র বাবু শৈলেশ্বর চক্রবর্ত্তীকে এই তারিখের ১৫ দিনের মধ্যে উক্ত হুকুমনামা গ্রহণ করণার্থ চট্টগ্রামে চট্টগ্রামের পুলিশ সুপারিণ্টেণ্ডেণ্টের নিকট হাজির হইবার আদেশ দিতেছেন।

এস, এন, রায়
এডিঃ সেক্রেঃ গভর্ণমেণ্ট অব বেঙ্গল।

ঘোষণা পত্র।

নং ৪৯৯৩৬X—২৭শে ডিসেম্বর ১৯৩৪—যেহেতু বাঙ্গালা সরকারের মতে চট্টগ্রাম জেলার কোতোয়ালী থানার অন্তর্গত সদরঘাট গ্রামের এবং আনওয়ারা থানার অন্তর্গত আনওয়ারা গ্রামের বাবু বিপিনচন্দ্র ভট্টাচার্য্যের পুত্র বাবু ভবতোষ ভট্টাচার্য্য ওরফে বোচা সম্পর্কে ১৯৩০ সালের বঙ্গীয় ফৌজদারী সংশোধক আইনের ২ ধারার ১ উপধারা অনুসারে আইনানুগভাবে হুকুম জারী করা যাইতে পারে বলিয়া বিশ্বাস করিবার যথোপযুক্ত কারণ আছে এবং

যেহেতু সপারিষদ গভর্ণর বাহাদুর উক্ত ধারা অনুবলে ১৯৩৪ সালের ৩রা নভেম্বর তারিখে বাবু ভবতোষ ভট্টচার্য্য ওরফে বোচাকে যে কোন স্থানে পাওয়া যায় তথায় যে কোন পুলিশ কর্ম্মচারী বিনা ওয়ারেণ্টে তাহাকে গ্রেপ্তার করিয়া নিকটবর্ত্তী ডিষ্ট্রীক্ট বা সেণ্ট্রাল জেলের হেফাজতে রাখিবার হুকুম দিয়াছিলেন এবং

যেহেতু উক্ত বাবু ভবতোষ ভট্টাচার্য্য ওরফে বোচাকে এখনও গ্রেপ্তার করা যায় নাই এবং উক্ত আইনের ২ ধারা অনুবলে উক্ত হুকুমনামা হাতে হাতে জারী করা হয় নাই এবং লোকাল গভর্ণমেণ্টের মতে উক্তরূপে জারী করিবার বিহিত চেষ্টা করা হইয়াছে,

সেই হেতু এক্ষণে সপারিষদ গভর্ণর বাহাদুর ১৯৩০ সালের বঙ্গীয় ফৌজদারী সংশোধক আইনের ৩ ধারার ২ উপধারা অনুবলে চট্টগ্রাম জেলার কোতয়ালী থানার অন্তর্গত সদরঘাট গ্রামের এবং আনওয়ারা থানার অন্তর্গত আনওয়ারা গ্রামের বাবু বিপিনচন্দ্র ভট্টাচার্য্যের পুত্র বাবু ভবতোষ ভট্টাচার্য্য ওরফে বোচাকে এই তারিখের ১৫ দিনের মধ্যে উক্ত হুকুমনামা গ্রহণ করণার্থ চট্টগ্রাম সহরে চট্টগ্রামের পুলিশ সুপারিণ্টেণ্ডেণ্টের নিকট হাজির হইবার আদেশ দিতেছেন।

এস, এন, রায়
এডিঃ সেক্রেঃ গভর্ণমেণ্ট অব বেঙ্গল।

নীলামের ইস্তাহার।

চৌকি জঙ্গিপুর দ্বিতীয় মুন্সেফী আদালত।
নীলামের দিন ১৮ই জানুয়ারী ১৯৩৫।

১২৭৫ খাং ডিঃ কামেশ্বরনাথ লালা দীং দেং আজিদ সেখ দীং দাবি ৭৬৶৩ থানা সাগরদীঘি মৌজে শ্যামপুর ৩-২০ শতকের কাত ১০৸৶১৬ আঃ ৩০৲ স্থিতিবান স্বত্ব।

১৬৯৭ খাং ডিঃ ঐ দেং তারেশ সাহু দীং দাবি ১৫৪৷৩ থানা ঐ মৌজে মোড়গ্রাম ৩-৬৫ কাত ২৪৷৮ ও জলকর ৷৩ পাই একুনে জমা ২৫৲১১ পাই স্থিতিবান স্বত্ব আঃ ১০৲

১৮৩৮ খাং ডিঃ শ্রীশ্রী৺গোপাল দেব ঠাকুরের সেবাইত কুমার প্রতিভানাথ রায় দেং মহাজনী বিবি দাবি ১৯৷৵৯ থানা ঐ মৌজে যাদবপুর ৯৫ শতকের কাত ২৷৵৯ আঃ ৫৲ স্থিতিবান স্বত্ব

১৮৩৯ খাং ডিঃ ঐ দেং আইসা বিবি দীং দাবি ১৭৷৵৯ মৌজাদি ঐ ৮২ শতকের কাত ২৲৩ আঃ ১০৲ স্থিতিবান স্বত্ব।

১৮৪০ খাং ডিঃ ঐ দেং আবদুল আজিজ সেখ দাবি ২২/৩ মৌজাদি ঐ ৭৪ শতকের কাত ২৸৯ আঃ ১০৲ স্থিতিবান স্বত্ব।

১৮৪১ খাং ডিঃ ঐ দেং আবদুল রহমান সেখ দাবি ৩২৷৵৩ থানা সাগরদীঘি মৌজে সাহাপুর ৯৭ শতকের কাত ২৷৵০ আঃ ১০৲ স্থিতিবান স্বত্ব। ২নং লাট মৌজাদি ঐ মধ্যে ৭২ শতকের কাত ২০/৬ আঃ ১০৲ স্থিতিবান স্বত্ব।

১৮৪২ খাং ডিঃ ঐ দেং পালান সাঁওতাল দাবি ৯৷৵৯ থানা ঐ মৌজে সুরপুর ৩১ শতকের কাত ৷৵৩ আঃ ২৲ স্থিতিবান স্বত্ব।

১৮৪৩ খাং ডিঃ ঐ দেং হরিচরণ সর্দ্দার দাবি ২৫৸৶৬ থানা ঐ মৌজে বাগানহাট ১-৩৩ শতকের কাত ৩৷৵৩ আঃ ১৫৲ স্থিতিবান স্বত্ব।

১৮৪৪ খাং ডিঃ ঐ দেং জেঠু মাঝি দাবি ২৩৸৩ থানা ঐ মৌজে সাহাপুর ৩২ শতকের কাত ১৷৵৯ আঃ ৫৲ স্থিতিবান স্বত্ব। ২নং লাট মৌজাদি ঐ মধ্যে ৩৪ শতকের কাত ১৷৵০ আঃ ৫৲ স্থিতিবান স্বত্ব।

১৮৪৫ খাং ডিঃ ঐ দেং জোলা মাঝি দাবি ৩৮৷৵৯ মৌজাদি ঐ ১-৩২ শতকের কাত ৬৷০ আঃ ২০৲ স্থিতিবান স্বত্ব।

১৮৪৬ খাং ডিঃ ঐ দেং মঙ্গলা মাঝি দীং দাবি ১৮৸৶৬ মৌজাদি ঐ ১০ শতকের কাত ৷৵০ আঃ ২৲ স্থিতিবান স্বত্ব। ২নং লাট মৌজাদি ঐ মধ্যে ৩৪ শতকের কাত ১৸৩ স্থিতিবান স্বত্ব আঃ ৫৲

১৮৪৭ খাং ডিঃ ঐ দেং যবেদ সেখ দাবি ১২৷৯ মৌজাদি ঐ ২২ শতকের কাত ১/৬ আঃ ৫৲ স্থিতিবান স্বত্ব।

১৪৪৮ খাং ডিঃ ঐ দেং অনন্তলাল ঘোষ দীং দাবি ৮৭৲ থানা ঐ মৌজে যাদবপুর ৩-২৭ শতকের কাত ১২৶৩ আঃ ৪০৲ রায়ত স্থিতিবান।

৪৭৩ মনি ডিঃ তারাপদ সরকার দেং ননীগোপাল মণ্ডল দাবি ১৫২।০ থানা ঐ মৌজে অলঙ্কার ৬-৫২ শতকের কাত ২৩৸৶১০ ইহার মধ্যে দেন্দারের ৷০ রঃ অংশ নীলাম হইবে রায়তী স্থিতিবান আঃ ১০০৲

৫৩১ মনি ডিঃ ঐ দেং গোষ্ঠবিহারী মণ্ডল দাবি ৪১৫৷৵৬ থানা ঐ মৌজে কুমর্থি ৩৪ শতকের কাত ২৷০ আঃ ৫০৲ স্থিতিবান স্বত্ব ইহার উপরিস্থিত ঘর মায় চাল ছাপ্পর কপাট চৌকাট দরজা জানালা তীর বরগা ইত্যাদি নওয়া জিমা ও আকাঠা সুকাঠা বৃক্ষাদি সহ তলস্থ জমি নীলাম হইবে।

Suit No. 1442 of 1929.

IN THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

Ordinary Original Civil Jurisdiction.

Saroda Prosad Roy & others.
vs.
Apurba Krishna Roy & others.

To be peremptorily sold by the Registrar, High Court, Calcutta Original Side on Friday the 26th day of January 1935 at noon in suit No. 1442 of 1929 (Saroda Prosad Roy & others—vs.—Apurba Krsshna Roy & others.)

Lot No. 1.—All that Putni Taluq known as Lot Nispikella under the Maharaja of Burdwan paying an Annual rent of Rs. 12651 2 a. 1 p.

Lot No. 2.—All that Putni Taluq being Lot Gafulia being Tauji No. 11 of the Burdwan Collectorate in the District of Burdwan the Putni rent payable in respect of the said Lot aggregating to Rs. 2080-11-6.

For particulars apply to the undersigned or to Messrs R. M. Sen & Dutt Solicitors of No. 9 Hastings Street, Calcutta

Registrar, O. S.

R. M. Sen & Dutt
Plaintiff's attorneys
No. 9 Hastings St.
Calcutta.

ছাদের জন্য
লোহার কড়ি
বরগা, এঙ্গেল, করগেট, বল্টু ইত্যাদি
উচিত মূল্যে বিক্রয় করি।
সত্বর দরের জন্য
পত্র লিখুন।
নিরঞ্জন এণ্ড কোং
প্রোঃ শ্রীমহিমারঞ্জন চট্টোপাধ্যায়।
৬৭।৪ নং ষ্ট্রাণ্ড রোড, বড়বাজার,
কলিকাতা।

বৈদ্যনাথধামে সুবিধা।

তীর্থস্থানে পাণ্ডাগণের জুলুম তীর্থযাত্রীগণের পক্ষে বিরক্তি ও ভীতির কারণ হইয়া দাঁড়াইয়াছে। বৈদ্যনাথ ধামে এক পাণ্ডা বংশ আছেন তাঁহারা খুব ভদ্র এবং নিলোভী ও যাত্রীগণের সুবিধার জন্য প্রাণপণ যত্ন করিয়া থাকেন। ষ্টেশনে নামিয়া তাঁহাদের নাম করিলে অন্য কেহ টানাটানি বা জুলুম করিতে পারিবেনা।

৺হরিশ্চন্দ্র পাণ্ডার বংশধর—
শ্রীভুবনেশ্বর পাণ্ডা ও যোগীন্দ্রনাথ পাণ্ডা।

বাটী ভাড়া।

রঘুনাথগঞ্জে হিন্দু ভদ্রলোকের বাসোপযোগী একখানি বাড়ী ভাড়া দেওয়া হইবে। বাড়ীতে ৬ খান ঘর, পায়খানা ও বাড়ীর সংলগ্ন পুকুর আছে। নিম্নস্বাক্ষরকারীর নিকট অনুসন্ধান করুন।

শ্রীচণ্ডীদাস ধর
রঘুনাথগঞ্জ।

সস্তায় রবার ষ্ট্যাম্প।

সকল প্রকার রবার ষ্ট্যাম্প এক সপ্তাহ মধ্যে সরবরাহ করা হয়। সমস্ত ষ্টাম্পই কলিকাতায় প্রস্তুত এবং কলিকাতার অন্যান্য কারখানা অপেক্ষা জিনিষ ভাল অথচ দামে সস্তা। রবারের পকেট প্রেস, ডেটিং ষ্ট্যাম্প, সেল্‌ফ ইঙ্কিং প্যাড ও কালী সর্ব্বদা বিক্রয়ার্থ মজুত থাকে। পরীক্ষা প্রার্থনীয়।

প্রাপ্তিস্থান—"পণ্ডিত-প্রেস"
পোঃ রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

শুভ সংবাদ।

হিন্দু মাত্রেরই শুভ বিবাহে বরকনের উপযুক্ত সজ্জার মধ্যে মির্জ্জাপুরের গরদের সাড়ী, ধুতি, চাদর, ব্লাউজ পিস্ ও সর্ব্বপ্রকার জামার কাপড়ই সমধিক প্রসিদ্ধ ও মূল্য সুলভ। যাহাতে জঙ্গিপুরে ঘরে বসিয়াই মির্জ্জাপুরের সকল প্রকার বস্ত্র পাইতে পারেন তজ্জন্য রঘুনাথগঞ্জে একটী এজেন্সী স্থাপিত হইয়াছে। অর্ডার দিলে অতি সত্বর পছন্দমত কাপড় সরবরাহ করিয়া থাকি। ঠকিবার কোন কারণ নাই। মির্জ্জাপুরের দরে ঘরে বসিয়াই পাইবেন। সকল প্রকার মটকার ধুতি, সাড়ী, চাদর ও থান পাওয়া যায়। পরীক্ষা প্রার্থনীয়।

নিবেদক—শ্রীঅবনীকুমার বন্দ্যোপাধ্যায়
এজেণ্ট
পোঃ রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ
(শিবতলার সন্নিকট)

বৈজ্ঞানিক রবার দ্রব্য।

রবার কুশন (বেড-সোর বা শয্যাক্ষত নিবারক) প্রত্যেকটী ৭৲
রবার গ্লোভস্ (অপারেশনে সার্জ্জেনের ব্যবহার্য্য) জোড়া ৩৲
ফিঙ্গার ষ্টল্ (আঙ্গুলে পরিবার জন্য) প্রত্যেকটী ।৵০
রবার ক্যাপ (গর্ভরোধক ও সংক্রামক রোগ নিবারক) ডজন ৩৲
রবার পেশারী (স্ত্রী-ব্যবহার্য্য—বড়, মধ্যম, ছোট) প্রত্যেকটী ২৲
বিস্তারিত মূল্য-তালিকার জন্য পত্র লিখুন।

পি, বি, সাপ্লাই এজেন্সী,
পোষ্ট বক্স নং ১১৪০৪ কলিকাতা।

ত্বকের স্বাস্থ্য ও সৌন্দর্য্য
সংরক্ষণের অভিনব
প্রসাধন দ্রব্য

রেডিয়ম স্নো

শিশুদিগের কোমল চর্ম্মে নিরাপদে ব্যবহার করা যায়।

ত্বকের উপর অদৃশ্যভাবে অতি সূক্ষ্মত আবরণরূপে লাগিয়া থাকে। গ্রীষ্মজনিত কষ্ট এবং চর্ম্মরোগ হইতে দেহকে রক্ষা করে।

স্বনামধন্যা শ্রীমতী সরলা দেবী বলেনঃ—রেডিয়ম স্নো দেখিতে সুন্দর, ঘ্রাণে সুগন্ধি ও স্পর্শে কোমল। ইহার আকার প্রকারের সৌষ্ঠব বিলাতীর সমতুল। দেশী কারখানায় দেশী লোকের দ্বারা প্রস্তুত হইতেছে—না জানিলে ইহাকে একটী শ্রেষ্ঠ বিলাতী বস্তু বলিয়া ভ্রম হইতে পারে।

(স্বাঃ) শ্রীসরলা দেবী।

প্রস্তুতকারক—
রেডিয়ম ল্যাবরেটরী
কলিকাতা।
ফোন—৩০৬২ বি, বি।

সোল এজেণ্টস্—
বসাক ফ্যাক্টরী
৩নং ব্রজদুলাল ষ্ট্রীট, কলিকাতা
ফোন—২১৮৩ বড়বাজার।

সব দোকানে পাওয়া যায়।

বেঙ্গল আয়ুর্ব্বেদিক ওয়ার্কসের

চাঁদমার্কা পাচন

ম্যালেরিয়া ও সর্ব্বপ্রকার জ্বরের অব্যর্থ মহৌষধ
নূতন জ্বর ১ দিনে, পুরাতন জ্বর ৩ দিনে আরোগ্য হয়।

বিশেষ দ্রষ্টব্য:—চাঁদ মার্কা পাঁচনের জাল ধরা পড়ায় উহার প্রতিকারার্থ শিশির প্যাকিংএর কিছু পরিবর্ত্তন করা হইয়াছে। পূর্ব্বে কেবলমাত্র সাদা কাগজে নিয়মাবলী দেওয়া হইত এখন প্রত্যেক শিশির গায়ে হলুদ বর্ণের কাগজে পাচন প্রস্তুতের বিবরণ ছবি সমেত ও ব্যবহার বিধি এবং আমাদের কুইনাইন ট্যাবলেট, রেডিয়ম স্নো প্রভৃতির বিবরণ ছাপিয়া পুস্তকাকারে দেওয়া হইয়াছে। গ্রাহকগণ এখন হইতে বর্ত্তমান প্যাকিং দেখিয়া মাল গ্রহণ করিলে নিরাপদ হইবেন এবং খাঁটি জিনিষ পাইবেন।

সোল এজেণ্টস:—
বসাক ফ্যাক্টরী—৩নং ব্রজদুলাল ষ্ট্রীট, কলিকাতা।

বেঙ্গল হোমিও কেমিকেল ওয়ার্কস

পরীক্ষিত ঔষধাবলী
কণ্টিক
বসন্তের প্রতিষেধক।
পেপ—অজীর্ণে ও অম্লে।
বিল—হিষ্টিরিয়ার ঔষধ।
লুং—হাঁপানীর উপকারী।
হর—চুলকানি ও চর্ম্মরোগে।
মূল্য প্রতি ড্রাম ।০ আনা।

সার্জ্জারী জগতে যুগান্তর।

মহাত্মা আনন্দ ঋষির আবিষ্কৃত একমাত্র **অপেরীণ** ইহা ব্যবহারে লক্ষ লক্ষ রোগী বাগী, ফোড়া, কাকবিড়ালী, ঠুন্‌কা, মুখের ব্রণ, পৃষ্ঠ ব্রণ, উরুস্তম্ভ, শীতলী কর্ণমূল প্রভৃতি যন্ত্রণাপ্রদ ব্যয় বহুল রোগ হইতে বিনা অস্ত্রে ও বিনা জ্বালা যন্ত্রণায় মন্ত্রমুগ্ধের ন্যায় আরোগ্য হয়। মূল্য প্রতি শিশি ১৲, ডজন ১০৲ মাত্র।

দামোদর সুধা

ইহা সেবনে ম্যালেরিয়া জ্বর, প্লীহা ও যকৃত সংযুক্ত জ্বর, নূতন পুরাতন জ্বর, পালা ও কম্প জ্বর, পিত্তশ্লেষ্মার জ্বর প্রভৃতি সর্ব্বপ্রকার জ্বর অতি সত্বর আরোগ্য হয়। ম্যালেরিয়া প্রপীড়িত ব্যক্তি লিভার ও প্লীহা দ্বারা আক্রান্ত হইয়া ন্যাবা, শোথযুক্ত জীর্ণ শীর্ণ এমন কি অস্থি চর্ম্মসার হইয়াও এই দামোদর সুধা ব্যবহারে নিত্যই আরোগ্যলাভ করিতেছেন। মূল্য ॥৵০ প্লীহার মালিষ সমেত ১৲

ফেরোকল—যাবতীয় গণোরিয়া (মেহ, প্রমেহ) রোগের অব্যর্থ মহৌষধ। আজকাল প্রায় অধিকাংশ যুবক যুবতী এই রোগে আক্রান্ত হইয়া যৌবনে বার্দ্ধক্য প্রাপ্ত হন, এবং নানাপ্রকার যন্ত্রণায় মর্ম্মপীড়া ভোগ করেন এমন কি অনেকে জীবনে হতাশ হইয়া থাকেন। ইহা ব্যবহারে উক্ত যন্ত্রণা প্রস্রাবে জ্বালা ও পুঁজ ২।৩ দিনে আরোগ্য করে। একটী পিচকারীসহ প্রতি শিশি মূল্য ১॥০ উক্ত ঔষধ সমুহ ভিঃ, পিতে লইলে মাশুলাদি স্বতন্ত্র লাগে।

সোল প্রোঃ ডাঃ বিরায় এণ্ড কোং কেমিষ্টস্
ফতেপুর, পোষ্ট গার্ডেনরীচ, কলিকাতা

এজেণ্টস্—
এম, ভট্টাচার্য্য এণ্ড কোং
কলিকাতা

সন ১৩৪১ সালের ক্যালেণ্ডার বিনামূল্যে বিতরিত হইতেছে

সাধনা ঔষধালয়, ঢাকা

অধ্যক্ষ
শ্রীযোগেশচন্দ্র ঘোষ এম এ, এফ সি এস (লণ্ডন)
ভাগলপুর কলেজের রসায়ন শাস্ত্রের ভূতপূর্ব্ব অধ্যাপক

ব্রাঞ্চ:—শ্যামবাজার (মার্কেট) কলিকাতা * ২১৩ বৌবাজার (কলিকাতা) ৬৭।৪ ষ্ট্রাণ্ড রোড (বড়বাজার) কলিকাতা * চট্টগ্রাম * জমসেদপুর (সাকচী হাইওয়ে) বিহার * তিনসুকিয়া (আসাম) * গৌহাটী (আসাম) * দিনাজপুর * পাটনা (বিহার) * পাটুয়াটুলী (ঢাকা) * বগুড়া * বর্দ্ধমান * ভাগলপুর (বিহার) * মানিকগঞ্জ * মেদিনীপুর রেঙ্গুন (২০২ লুইস ষ্ট্রীট) ব্রহ্মদেশ * লাহোর (পাঞ্জাব) * সিঙ্গাপুর (মালয় দেশ) *
লণ্ডন এজেন্সি—হাই-হল্‌বরণ * কলম্বো (সিলোন)।

সর্ব্ববিধ ঔষধ বিশুদ্ধভাবে ও আয়ুর্ব্বেদশাস্ত্রমতে আমার নিজ তত্ত্বাবধানে প্রস্তুত হইতেছে। পত্র লিখিলে বিনামূল্যে ক্যাটালগ পাঠান হয়। বিস্তারিত অবস্থা জানাইলে যত্নের সহিত উপযুক্ত ব্যবস্থা দেওয়া হয়।

মকরধ্বজ (বিশুদ্ধ ও স্বর্ণঘটিত) তোলা ৪৲ * বিশুদ্ধ চ্যবনপ্রাশ সের ৩৲
শুক্রসঞ্জীবন সের ১৬৲ * অবলাবান্ধব যোগ ১৬ মাত্রা ২৲

হোমিও ঔষধ! হোমিও ঔষধ!!

সস্তায় বিশুদ্ধ—বিশুদ্ধতার জন্য গ্যারাণ্টি।

সাধারণ শক্তি (potency) ৩, ৬, ৩০ প্রতি ড্রাম ৵১৫, ২০০ প্রতি ড্রাম ৶০ মাত্র। উৎকৃষ্ট সুগার, গ্লোবি উল, কর্ক, শিশি ইত্যাদি বিক্রয়ার্থ মজুত আছে।

ডাক্তার শ্রীদেবেন্দ্রচন্দ্র দাস (হোমিওপ্যাথ)
প্রাপ্তিস্থান—অটলবিহারী-শাখা-ঔষধালয়।
রঘুনাথগঞ্জ, চাউলপটি, (মুর্শিদাবাদ)

কলোনিয়াল কুইনাইন কোম্পানীর

"সি, কিউ, সি" কুইনাইন ট্যাবলেট

ভারতের একমাত্র দেশীয় কুইনাইন প্রস্তুতের কারখানা।
কাঁচা মাল, পরিশ্রম, মূলধন সমস্তই ভারতের নিজস্ব। বিস্তারিত বিবরণ ও দরের জন্য পত্র লিখুন।

সোল ডিষ্ট্রীবিউটার—বসাক ফ্যাক্টরী ৩নং ব্রজদুলাল ষ্ট্রীট, কলিকাতা।

১৮২৭ সালে আবিষ্কৃত

ধবল বা শ্বেতি (শ্বেতকুষ্ঠ)

রোগের অব্যর্থ মহৌষধ ব্যবহার করিয়া অসংখ্য রোগী আরোগ্য লাভ করিয়াছে, কেহই নিষ্ফল হয় নাই। যে অঙ্গে যত দিনেরই রোগ হউক সপ্তাহে লাল হইয়া ক্রমে নির্দ্দোষ স্থায়ী আরোগ্য হয়, পুনরাক্রমণের কোন আশঙ্কা থাকে না। ঔষধে কোন দুর্গন্ধ বা বিষাক্ত পদার্থ নাই। মূল্য তৈল ও চূর্ণ ২।০ টাকা।

বসু এণ্ড সন্স
১০।১এ, বকুলবাগান ১ম লেন, ভবানীপুর, কলিকাতা।

রঘুনাথগঞ্জ পণ্ডিত প্রেসে—শ্রীবিনয় কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।